গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৫- ৫৮৬

তারিখ : ২৪ চৈত্র ১৪৩১ / ০৭ এপ্রিল ২০২৫

**"সভার নোটিশ"**

আগামী ১০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা- ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ রাশেদুজ্জামান, প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

০৭/০৪/২৫

মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

বিতরণ :

০১। প্রশাসক, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০২। উপজেলা-.. ..............................................অফিসার,কালিয়া, নড়াইল। তাঁকে আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত কার্যপত্র দাখিল এর জন্য অনরোধ করা হলো।
০৩। চেয়ারম্যান, .......................................................ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল।
০৪। জনাব.................................................................................................., কালিয়া, নড়াইল।

# উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল এর এপ্রিল/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

তারিখ : ১০/০৪/২০২৫ খ্রিঃ।
সময় : বেলা-১১.০০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি: মোঃ রাশেদুজ্জামান
প্রশাসক, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতে সভায় বিগত ১৩/০৩/২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিলের সচিত্র হিসাব উপস্থাপনপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করার জন্য দপ্তর প্রধানদের অনুরোধ করা হয়।

**দাপ্তরিক আলোচনা**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদের মার্চ, ২০২৫ মাসের আয় ব্যয়ের হিসাব</td><td colspan="3">
উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মার্চ/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী
<table>
<tr><th>মার্চ/২০২৫ মাসের আয়</th><th>টাকা</th><th>মার্চ/২০২৫ মাসের ব্যয়</th><th>টাকা</th></tr>
<tr><td>সাব রেজিষ্ট্রে অফিস, কালিয়া, নড়াইল হতে ১% অর্থ জমা</td><td>৭,২৪,৩৮৬.৯০</td><td>উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর মজুরী প্রদান, উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীর সিপিএফ ফান্ডে জমা, আপ্যায়ন ব্যয় বিল, কন্টিজেন্সি বিল, চেক ইস্যু এবং অন্যান্য ব্যয়।</td><td>২,৭৬,৭৮৫</td></tr>
<tr><td>মোট প্রাপ্ত =</td><td>৭,২৪,৩৮৬.৯০</td><td>মোট ব্যয়/খরচ =</td><td>৩,০০,৪৮৫</td></tr>
<tr><td>প্রারম্ভিক জের =</td><td>৩৮,০১,১২৩.০৫</td><td>সমাপ্তি জের/ব্যালান্স =</td><td>৪২,২৫,০২৪.৯৫</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>৪৫,২৫,৫০৯.৯৫</td><td>সর্বমোট =</td><td>৪৫,২৫,৫০৯.৯৫</td></tr>
</table>
উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের মার্চ/২০২৫ মাসের আয় ও ব্যয় বিবরণী
<table>
<tr><th>মার্চ/২০২৫ মাসের আয়</th><th>টাকা</th><th>মার্চ/২০২৫ মাসের ব্যয়</th><th>টাকা</th></tr>
<tr><td>মোট প্রাপ্ত</td><td>-</td><td>মোট ব্যয়/খরচ</td><td>-</td></tr>
<tr><td>প্রারম্ভিক মোট</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td><td>সমাপ্তি জের/ব্যালান্স</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td><td>সর্বমোট =</td><td>৫৬,৪১,৯৭২.৬৯</td></tr>
</table>
উল্লেখ্য উক্ত স্থিতির মধ্যে আন্ত বিভাগীয় খেয়াঘাটের ৩৩,৬৬,২৮৫.৩০ (তেত্রিশ লক্ষছেষট্টি হাজার দুইশত পঁচাশি টাকা ত্রিশ পয়শা) টাকা অন্তর্ভুক্ত রয়েছে। আন্ত বিভাগীয় খেয়াঘাটেরঅর্থ বাদে উপজেলা উন্নয়ন তহবিলে ২২,৭৫,৬৮৭.৩৯ (বাইশ লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতাশি টাকা উনচল্লিশ পয়শা) টাকা অবশিষ্ট রয়েছে।
</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল।</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলায় মোট সক্ষম দম্পতি ৪৭,৪১২ জন। এদের মধ্যে পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৩৭,৬৬৭ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১,৬০৮ জন। তিনি আরো বলেন, তার দপ্তর হতে ১,০৩০ জনকে শিশু সেবা, ৫৫৮ জনকে গর্ভবতী সেবা, ১৭,২৩৪ জনকে পুষ্টি সেবা এবং ১৮৬ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি ৪ জনকে এফডব্লিউসিতে স্বাভাবিক ডেলিভারী করানো হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে, আগত সেবা প্রত্যাশিদের মাঝে শতভাগ স্বচ্ছতার সহিত সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল।</td></tr>
<tr><td>৪</td><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ১৮০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে উফশী আউশ ধানবীজ বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। তিনি আরো বলেন, ৮০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণের বরাদ্দ পাওয়াগেছে। গ্রীষ্মকালীন প্রণোদনা কর্মসূচীর আওতায় সর্বমোট= ৬৭০ জনের মাঝে মুগ ও তীলের বীজ বিতরণ করা হয়েছে। তন্মধ্যে তীলের বীজ ৫৩০ জন ও পাশাপাশি তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলমান রয়েছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে, প্রণোদনার প্রাপ্ত বরাদ্দের সার ও বীজ বিতরণ কার্যক্রম শতভাগ সচ্ছতার সাথে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, খাশিয়াল ও পাঁচগ্রাম ইউনিয়নে প্রদর্শনীর কাজ চলমান রয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গৃহীত ও বাস্তবায়িত হবে। তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশানা মোতাবেক প্রাপ্ত বরাদ্দ শতভাগ স্বচ্ছতার সাথে যথাযথ ভাবে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৬ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি মাসে ১,১৮০ টি গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে। এ মাসে ৮৯,০০০ টি হাঁস-মুরগীর টিকা বিক্রয় করা হয়েছে। পাশাপাশি ২,০২৭টি গবাদি পশুর চিকিৎসা, ৮,৭১০টি হাঁস-মুরগীর চিকিৎসা, ০১টি পোষাপ্রাণির চিকিৎসা, ৫০টি গবাদি পশুর কৃত্রিম প্রজনন করা হয়েছে। পাশাপাশি ৫০ জন খামারীকে নিয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১টি ফ্রি ভেটেরিনারি মেজিকেল ক্যাম্প করা হয়েছে। ৪টি উঠান বৈঠক করা হয়েছে। তার দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে বলে জানান। | বিস্তারিত আলোচনান্তে, কালিয়া উপজেলার গবাদি পশুসহ অন্যান্য প্রাণির সঠিক সময়ে সঠিক চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৭ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইলে অতিরিক্ত দায়িত্ব থাকায় সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বর্ধিত কোটায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার যে অতিরিক্ত বরাদ্দ পাওয়া গিয়েছিল তার ফলস্বরূপ প্রতিটি ইউনিট থেকে তালিকা পাওয়া গেছে। মৃত ভাতাভোগীদের পরিবর্তে ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের তালিকা উপজেলার পুরুলিয়া, হামিদপুর, বাবরা-হাচলা, পাঁচগ্রাম, জয়নগর, পহরডাঙ্গা, বাঐসোনা ও কলাবাড়িয়া থেকে পাওয়া গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, প্রাপ্ত বরাদ্দের বিপরীতে সকল ভাতা প্রদানের লক্ষ্যে শতভাগ সচ্ছতা অবলম্বনসহ মৃত ভাতাভোগীদের পরিবর্তে অনলাইনে আবেদনকৃত ভাতা পাবার যোগ্য ব্যক্তিদের প্রতিস্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৫ শিক্ষাবর্ষের সকল শ্রেণির বিনামূল্যের পাঠ্যপুস্তক পাওয়া গেছে এবং সকল ছাত্র ছাত্রীর হাতে পৌছে গেছে। পবিত্র রমজান উপলক্ষে ২৬/০২/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৭/০৪/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ ছিল। ০৮/০৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয় পাঠ্য কার্যক্রম শুরু হয়েছে। দাপ্তারিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে, শিক্ষার্থীদের শিক্ষার গুণগত মান বজায় রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীতে ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রতি ইউনিয়নে মাস প্রতি ৫ জন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পওয়া গিয়েছে। এপ্রিল-জুন/২০২৫ তিন মাস মেয়াদী দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় প্রশিক্ষণার্থী নির্বাচনের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ভাতাভোগী ও দর্জি বিজ্ঞানে প্রশিক্ষণার্থী নির্বাচনের বিষয়ে শতভাগ স্বচ্ছতার সাথে কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এপ্রিল/২০২৫ মাসে ০৩টি প্রশিক্ষণ চলমান। চলতি অর্থ বছরে মার্চ/২০২৫ মাস পর্যন্ত ৫৭ (পুরুষ-৩০, মহিলা-২৭)জন প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে=২৫,৮০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়ছে। চলতি অর্থ বছরে এপ্রিল/২০২৫ মাস পর্যন্ত ৫৭ জন যুব/যুব মহিলাকে স্বকর্মসংস্থানের মাধ্যমে আত্মকর্মী হিসাবে গড়ে তোলা হয়েছে। চলতি মাস পর্যন্ত ০৫ (পুরুষ-৩, মহিলা-২)জনকে বায়োগ্যাসপ্লান্ট প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলার মধ্যে ২,৫০,০০০/- টাকা বায়োগ্যাসপ্লান্ট ঋণ বিতরণ করা হয়েছে। তার দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে,<br>১১.ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বিতরণকৃত ঋণের অর্থ শতভাগ সচ্ছতার সাথে আদায়কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১১.খ) যুব/যুব মহিলাদের স্বকর্মসংস্থানের হার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১২ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপির মোট ৮টি প্যাকেজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। জুন/২০২৫ মাসের আগেই কাজ শেষ হবে বলে সভায় জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপির ৮টি প্যাকেজের কাজ গুনগত মান বজায় রেখে শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অনুমোদিত ৬০ টি গভীর নলকূপের কাজ সমাপ্ত হয়েছে। আরও ৭৫টি গভীর নলকূপ সাইট ইতিমধ্যে পরিদর্শণ কাজ শেষ হয়েছে। চলমান প্রকল্পের আওতায় ওয়াসব্লক নির্মাণ কাজ ৭০% সমাপ্ত হয়েছে। মোট ১১২ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। বাকী ৩০% কাজ জুন,২০২৫ সনের মধ্যে শেষ হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, বিগত অর্থ বছরে স্থাপিত গভীর নলকূপের গোড়া পাকা করণ বিষয়ে সভার পক্ষ হতে তীব্র অশন্তোষ প্রকাশ করা হয় এবং ঠিকাদারকে জরুরী ভিত্তিতে কাজ আরাম্ভ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে ০৮ (আট)টি আশ্রয়ন প্রকল্পের ঋণ দাদন ১০০% এবং আদেয়ের হার ৫৫%। দাদনকৃত ঋণ সদস্যরা যথাযথ ভাবে ব্যবহার করছে এবং তারা উপকৃত হয়েছে। এ বিভাগের নিবন্ধিত সমবায় সমিতিগুলো অনলাইনের আওতায় আনার কার্যক্রম সম্পন্ন হয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, যথাযথ তদারকির মাধ্যমে দাদনকৃত ঋণসমূহ নির্দিষ্ট খাতে ব্যবহার পূর্বক যথাসময়ে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | ফরেস্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তর হতে সরকারি মূল্য ৯ টাকায় চারা বিক্রয় বিতরণ নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনায়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেস্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, কালিয়া, নড়াইল। |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ১০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ হতে এস,এস,সি পরীক্ষায় শুরু হয়েছে। এস,এস,সি পরীক্ষা নকল মুক্ত করার জন্য তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, পরীক্ষার হল নকল মুক্ত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়ন হতে জনসংখ্যার সঠিক গননা করা হয়নি বিষয়ে অভিযোগ পাওয়া যাচ্ছে। ২০১১ সালে জনসংখ্যা শুমারিতে বড়নাল ইলিয়াছাবাদ ইউনিয়নে যে জনসংখ্যা ছিল তা ২০২১ সালে প্রায় ৬গুন বৃদ্ধি পেয়েছে বলে অভিযোগ এসেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, এ উপজেলার কোন ইউনিয়নে জনসংখ্যা গণনায় ভূল হয়েছে কিনা, যদি ভূল হয়ে থাকে তা সংশোধনের কিকি পদক্ষেপ গ্রহণ করেছেন সে বিষয়ে প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেন নাই। ফলে এ দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। আগামী সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইলকে আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত না থাকার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। আগামী সভায় উপস্থিত থাকার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিয়া, নড়াইল। নড়াইল। |
| ২০ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট কর্মকর্তা , কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ কোন বরাদ্দ পাওয়া যায় নাই। পাশাপাশি পাট চাষীদের তালিকা সংশোধনের কাজ চলমান আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, পাট চাষীদের মধ্যে শতভাগ স্বচ্ছতার সাথে পাটের বীজ ও সার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পাট কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| ২১ | পল্লী বিদুৎ অফিস | ডিজিএম, কালিয়া জোনাল অফিস নতুন যোগদান করায় সভায় উপস্থিত সকলের সাথে পরিচিত হন। তিনি জানান যে, গ্রীষ্মের দাবদাহ থেকে মুক্তির লক্ষ্যে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে বৈদ্যুতিক লাইনের উপরের গাছের ডালপালা কর্তণ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিক পরিবেশ পরিস্থিতিতে অত্র উপজেলার বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ সন্তোষজনক রয়েছে। তিনি আরো জানান যে, বিভিন্ন সরকারি দপ্তরের দীর্ঘদিনের বকেয়া বিদ্যুৎ বিল বকেয়া | বিস্তারিত আলোচনান্তে,<br>২২.ক) গ্রীষ্মের দাবদাহ থেকে মুক্তির লক্ষ্যে এ উপজেলায় বসবাসরত সকল ইউনিয়নের লোকজনদের মাঝে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, কালিয়া জোনাল অফিস, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | ২২.খ) যে সকল সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২২ | বিবিধ-১ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল বলেন, উপজেলা পরিষদের জামে মসজিদ ভবনটির বিভিন্ন স্থানে ফাটল দেখা দিয়েছে, ছাদের ভিম ভেঙ্গে পড়েছে এবং প্লাস্টার খসে পড়ছে। উক্ত মসজিদে মুসল্লীদের নামাজ আদায় ঝুঁকিপূর্ণ। তিনি বলেন, জেলা পরিষদ, নড়াইল হতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা এবং কালিয়া পৌরসভা হতে ৩,৯০,০০০/- (তিন লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। মসজিদের নতুন ভবন নির্মানের জন্য ঠিকাদার নিয়োগ কার্যক্রম সমাপ্ত হয়েছে। ফলে মসজিদ ভবনটি দ্রুত অপসারণ করা প্রয়োজন। ফলে উপজেলা পরিষদ জামে মসজিদের পুরাতন ভবনটি নিলামে বিক্রয়ের জন্য গত ১৯/০৩/২০২৫ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ মসজিদ কমিটির সভায় ০৫ (সদস্য) বিশিষ্ট উপজেলা পরিষদ জামে মসজিদের পুরাতন ভবন বিক্রয়ের নিলাম কমিটি গঠন করা হয়েছে।<br>ক) উপজেলা যুব উন্নয়ন অফিসার — সভাপতি<br>খ) ইমাম, উপজেলা পরিষদ মসজিদ — সদস্য<br>গ) আল হাজ তায়েবুর রহমান (টুকু) — সদস্য<br>ঘ) শেখ কামাল হোসেন — সদস্য<br>ঙ) উপজেলা একাডেমিক সুপারভাইজার — সদস্য সচিব<br>পাশাপাশি উপজেলা প্রকৌশলী (এলজিইডি), কালিয়া, নড়াইলকে উপজেলা পরিষদ জামে মসজিদের পুরাতন ভবনটি নিলামে বিক্রয়ের জন্য প্রক্কলন প্রস্তুত করার অনুরোধ করা হয়। সে আলোকে উপজেলা প্রকৌশলী (এলজিইডি), কালিয়া, নড়াইল উক্ত ভবনটির ১,৫১,৮৯২/- (এক লক্ষ একান্ন হাজার আটশত বিরানব্বই) টাকার প্রক্কল প্রস্তুত করেছেন (পরিশিষ্ট-খ)। এমতাবস্থায় কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৪/০৪/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ জামে মসজিদের পুরাতন ভবন নিলামের দরপত্র ক্রয় করা যাবে। দরপত্রের মূল্য নির্ধারণ করা হয়েছে ২,০০০/- (দুই হাজার) টাকা (ফেরৎযোগ্য)। দরপত্রের সর্বচ্চদরতাকে কাজ প্রদান করা হবে। উপজেলা পরিষদ জামে মসজিদের পুরাতন ভবনটির বিক্রিত অর্থ মসজিদ একাউন্টে জমা করা হবে। বিক্রিত অর্থ দ্বারা উপজেলা পরিষদ জামে মসজিদের নতুন ভবন নির্মাণে ব্যয় করার প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ জামে মসজিদের নতুন ভবন নির্মানের জন্য উপজেলা পরিষদ জামে মসজিদের পুরাতন ভবন নিলামে বিক্রয় করে উক্ত অর্থ মসজিদের নতুন ভবন নির্মাণ কাজে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং গত ১৯/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মসজিদ কমিটির সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| ২৩ | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে হ্যালিপ্যাড সংলগ্ন পুকুরটি ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ইজারা প্রদান করা ছিল যার মেয়াদ আগামী ১৩/০৪/২০২৫ খ্রিঃ তারিখে শেষ হবে। পুকুরটি উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালের বাহিরে হওয়ায় এবং উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য উক্ত পুকুরটি ইজারা প্রদানের প্রস্তাব করেন এবং সভায় উপস্থিত উপজেলা মৎস্য অফিসারকে সরকারি মূল্য নির্ধারণের জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য উক্ত পুকুরটি ইজারা প্রদানের নিমিত্তঃ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সরকারি মূল্য নির্ধারণ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল বলেন, উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে হ্যালিপ্যাড সংলগ্ন পুকুরটি ইজারা প্রদানের জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার প্রস্তাব করনে।<br>উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে হ্যালিপ্যাড সংলগ্ন পুকুর ইজারা কমিটি:<br>ক) উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল — সভাপতি<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল — সদস্য<br>গ) উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল — সদস্য<br>ঘ) উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল — সদস্য | বিস্তারিত আলোচনান্তে,<br>২৩.ক) উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে হ্যালিপ্যাড সংলগ্ন পুকুরটি ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য উক্ত পুকুরটি ইজারা প্রদানের জন্য প্রস্তাবিত কমিটি গঠন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২৩.খ) উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে হ্যালিপ্যাড সংলগ্ন পুকুরটি ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২৩.গ) সর্বোচ্চ দরদাতাকে উক্ত পুকুরটি ইজারা প্রদান করা হবে এবং ইজারা গ্রহীতার উল্লেখিত | ক) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br><br>খ) উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ) উপজেলা সমবায় অফিসার, কালিয়া, নড়াইল সদস্য সচিব<br>সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | দরের ৫% অর্থ জামানত হিসাবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা করতে হবে । ইজারার মেয়াদ শেষে ইজারা গ্রহীতার জামানত ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৩ | বিবিধ-৩ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের ১টি জীপ গাড়ি রয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৪/০৮/২০২৪ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৬.৯৯. ০০১.২৪-৪৮৯ নং স্মারক পত্রের অফিস আদেশে উপজেলা চেয়ারম্যান থাকার কারনে এবং তাদের সাথে যোগাযোগ করেও উপস্থিত নিশ্চত করা যাচ্ছে না মর্মে উপজেলা পরিষদের সব ধরনের জনসেবা অব্যাহত রাখা ও প্রশাসনিক কার্যক্রম চলমান রাখার নিমিত্ত প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসরগণকে পুনরাদেশ না পাওয়া পর্যন্ত সাময়িকভাবে পূর্ণ আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ করা হয়েছে। উপজেলা পরিষদের চেয়ারম্যান না থাকায় উক্ত জীপ গাড়িটি সচল না রাখলে ইঞ্জিন, ব্যাটারী, টায়ার ইত্যাদি যন্ত্রাংশ বিকল হয়ে পড়র সমূহ সম্ভাবনা রয়েছে। ফলে সরকারের সম্পদসহ উপজেলার সম্পদ বিনষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। সরকারী সম্পদ রক্ষার্থে উপজেলা পরিষদের সরকারী জীপ গাড়িটি সচল রাখা প্রয়োজন। এমতাবস্থায় সরকারী সম্পদ রক্ষার্থে উপজেলা পরিষদের জীপ গাড়িটি সচল রাখার স্বার্থে সেপ্টেম্বর/২০২৪ মাস থেকে প্রতি মাসে ৩০ লিটার করে জ্বালানী ক্রয় করে গাড়িটি সচল রাখা হয়েছে। এমতাবস্থায় সরকারী সম্পদ রক্ষার্থে উপজেলা পরিষদের জীপ গাড়িটি সচল রাখার স্বার্থে প্রতি মাসে ৩০লিটার জ্বালানী ক্রয়ের প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগন উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, সরকারী সম্পদ রক্ষার্থে উপজেলা পরিষদের জীপ গাড়িটি সচল রাখার স্বার্থে উপজেলা রাজস্ব তহবিল থেকে সেপ্টম্বর/২০২৫ মাস হতে প্রতি মাসে ৩০ লিটার করে জ্বালানী ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য জ্বালানীর উপর সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রাশেদুজ্জামান)
প্রশাসক
কালিয়া উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৪-৩৩৬ (৫০)

তারিখ: ১৫/০৪/২০২৫ খ্রিঃ
০২ বৈশাখ ১৪৩২

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৫। উপজেলা ................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
৬। চেয়ারম্যান,..................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## "পরিশিষ্ট-ক"

বিষয় ঃ ১০/০৪/২০২৫ খ্রি. তারিখে উন্নয়ন সমন্বয় কমিটির সভার উপস্থিতির হাজিরা।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ১নং বাবরাহাচলা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০২ | চেয়ারম্যান, ২নং পুরুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং হামিদপুর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৪ | চেয়ারম্যান, ৪নং মাউলী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৫ | চেয়ারম্যান, ৫নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৬ | চেয়ারম্যান, ৬নং খাশিয়াল ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৭ | চেয়ারম্যান, ৮নং কলাবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৮ | চেয়ারম্যান, ৯নং বাঐসোনা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ০৯ | চেয়ারম্যান, ১০নং পহরডাঙ্গা ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১০ | চেয়ারম্যান, ১২নং চাঁচুড়ী ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১১ | চেয়ারম্যান, ১৩নং বড়নাল-ইলিয়াছাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১২ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৩ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৪ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৭ | সাব রেজিষ্টার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৮ | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৩ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিয়া, নড়াইল | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৭ | ফরেষ্টার, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৮ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ২৯ | তথ্য কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩০ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩১ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |
| ৩২ | গ্রাম আদালত, কালিয়া, নড়াইল। | স্বাক্ষর অস্পষ্ট |

(মোঃ রাশেদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।